

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৬.০১৩.১৫-১৮

তারিখ : ২১ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ
০৪ জানুয়ারী ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয় : ডিপ্লোমাদারী ক্রাফট ইন্সট্রাক্টরদেরকে (সপ ও টি/আর) উপ-সহকারী প্রকৌশলী/সমমান জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) পদের ন্যায় পরস্পর সমমান মর্যাদার প্রাধিকারভুক্ত করণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯/১১/১৯৯৪ তারিখের সম (বিধি-২) পদোন্নতি-২৭/৯৪/১৬৪ নং স্মারকের প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন বিভিন্ন পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউটে এবং টেকনিক্যাল স্কুল ও কলেজের সহকারী সুপারিনটেনডেন্ট, সিনিয়র ক্রাফট ইন্সট্রাক্টর, ক্রাফট ইন্সট্রাক্টর ও সমমানের পদে কর্মরত ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাদারীদের কে ২য় শ্রেণির পদমর্যাদাসহ জাতীয় বেতন স্কেল ১৯৯১ অনুযায়ী ২৩০০-৪৪৮০/- (১০ গ্রেড) প্রদান করা হয় (কপি সংযুক্ত-১)।


০২। প্রসঙ্গত, শিক্ষা মন্ত্রণালয়ের ১৯/১০/২০০৮ তারিখের শিম/শাঃ১৫/বেতনস্কেল-২/৯৫ (অংশ-১)/৬০২ নং স্মারকের প্রস্তাবের প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের ১০/১১/২০০৮ তারিখের অম/অবি(বাস্ত-২)/বেঃ ক্ষেঃ উঃ (শিক্ষা)২১/২০০৮/২১৮ নং স্মারকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯/১১/১৯৯৪ তারিখের সম (বিধি-২) পদোন্নতি-২৭/৯৪/১৬৪ নং স্মারকের ধারাবাহিকতায় কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন বিভিন্ন পলিটেকনিক ও মনোটেকনিক ইন্সটিটিউটে কর্মরত কেবলমাত্র সংশ্লিষ্ট টেকনোলজিতে এসএসসি পাসের পর ০৩ (তিন) বছর মেয়াদী ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা পাস ক্রাফট ইন্সট্রাক্টরগণকে (সপ ও টিআর) জাতীয় বেতনস্কেল ২০০৫ মোতাবেক ৫১০০-১০৩৬০/- (১০নং গ্রেড) টাকার স্কেল প্রদানে সম্মতি জ্ঞাপন করেন (কপি সংযুক্ত-২)।

০৩। উল্লিখিত আদেশের পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের ১৯/১১/২০০৮ তারিখের শিম/শাঃ১৫/বেতন স্কেল-২/৯৫(অংশ-১)/৬৯১ নং স্মারকের কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন বিভিন্ন পলিটেকনিক ও মনোটেকনিক ইন্সটিটিউটে কর্মরত কেবলমাত্র সংশ্লিষ্ট টেকনোলজিতে এসএসসি পাসের পর ০৩ (তিন) বছর মেয়াদী ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা পাস ক্রাফট ইন্সট্রাক্টরগণকে (সপ ও টিআর) জাতীয় বেতনস্কেল ২০০৫ মোতাবেক ৫১০০-১০৩৬০/- (১০নং গ্রেড) টাকার স্কেল প্রদানের মঞ্জুরি আদেশ জারি করা হয় (কপি সংযুক্ত-৩)।

০৪। উল্লেখ্য, বর্ণিত আদেশসমূহ পরীক্ষান্তে প্রতীয়মান হয় যে, অর্থ মন্ত্রণালয়ের ০৩/১২/১৯৯৪ তারিখের অম/অবি/(বাস্ত-৪)/ডিপ্লো-২০/৯২(অংশ)/৬৯ নং স্মারকের আলোকে কেবলমাত্র পলিটেকনিক ও মনোটেকনিক ইন্সটিটিউটে কর্মরত ডিপ্লোমাদারী ক্রাফট ইন্সট্রাক্টরগণকে (সপ ও টিআর) দেয় উপ-সহকারী প্রকৌশলী/সমমান সম্মত হয়েই ১০/১১/২০০৮ এর ২১৮ নং আদেশের মাধ্যমে জাতীয় বেতন স্কেল ২০০৫ মোতাবেক ৫১০০-১০৩৬০/- (১০নং গ্রেড) টাকার স্কেল প্রদানে সম্মত হয়েছে।

০৫। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯/১১/১৯৯৪ তারিখের সম (বিধি-২) পদোন্নতি-২৭/৯৪/১৬৪ নং স্মারক এবং অর্থ মন্ত্রণালয়ের ০৩/১২/১৯৯৪ তারিখের অম/অবি/ (বাস্ত-৪)/ডিপ্লো-২০/৯২(অংশ)/৬৯ নং স্মারকে কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন ভোকেশনাল বিভাগে কর্মরত সহকারী সুপারিনটেনডেন্ট, সিনিয়র ক্রাফট ইন্সট্রাক্টর, ক্রাফট ইন্সট্রাক্টর ও সমমানের পদে কর্মরত ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাদারীদের কে ২য় শ্রেণির পদমর্যাদাসহ জাতীয় বেতন স্কেল ১৯৯১ অনুযায়ী ২৩০০-৪৪৮০/- (১০ গ্রেড) প্রদান করা হয় (কপি সংযুক্ত-৪)। পাশাপাশি কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন পলিটেকনিক/মনোটেকনিক বিভাগের ডিপ্লোমাদারী ক্রাফট ইন্সট্রাক্টর (সপ ও টি/আর) গণ ও জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) সমস্কেল ও সমযোগ্যতা হলেও ডিপ্লোমাদারী ক্রাফট ইন্সট্রাক্টর (সপ ও টি/আর) গণকে পরস্পর সমমান মর্যাদাসহ পদোন্নতি প্রদান করা হচ্ছে না। অতএব, ডিপ্লোমাদারী ক্রাফট ইন্সট্রাক্টর (সপ ও টি/আর) দেয়কে জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) পদের ন্যায় পরবর্তী পদোন্নতি এবং জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) ও ডিপ্লোমাদারী ক্রাফট ইন্সট্রাক্টর (সপ ও টি/আর) পরস্পর সমমান মর্যাদার প্রাধিকারভুক্ত করা একান্ত প্রয়োজন।

০৬। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন ডিপ্লোমাদারী ক্রাফট ইন্সট্রাক্টর (সপ ও টি/আর) দেয়কে জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) পদের ন্যায় পরস্পর সমমান মর্যাদার প্রাধিকারভুক্ত এবং জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) এর ন্যায় ডিপ্লোমাদারী ক্রাফট ইন্সট্রাক্টর (সপ ও টি/আর) গণের পরবর্তী পদোন্নতির নিমিত্ত নিয়োগ বিধিতে অন্তর্ভুক্তির বিষয়ে সুস্পষ্ট প্রস্তাব/মতামত প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৯৭২৬

মহাপরিচালক,
কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও,
প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

অনুলিপি :

০১। জনাব মোঃ মিজানুর রহমান, ক্রাফট ইন্সট্রাক্টর, বাংলাদেশ গ্লাস এন্ড সিরামিক, তেজগাঁও, ঢাকা।